ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, ডি আই টি এভিনিউ ( লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স ঃ ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com

## Public Relations Department

## Press Release

Date: **10.04.2018**

The Shareholders of Investment Corporation of Bangladesh (ICB) approved 30% cash dividend and 5% stock dividend for the FY 2016-17 in its 41st Annual General Meeting against each share of Tk.10. The Government is entitled of cash dividend amounting to Tk. 51,25,78,304.94 ( Fifty One Crore Twenty Five Lac Seventy Eight Thousand Three hundred Four Taka and Paisa Ninety Four only) and 85,42,968 shares as bonus against their holding of 17,08,59,380 shares.

Chairman of the Board of Directors of Investment Corporation of Bangladesh (ICB) Prof. Dr. Mojib Uddin Ahmed and Managing Director of ICB Kazi Sanaul Hoq handed over the dividend warrant of Tk. 51,25,78,304.94 ( Fifty One Crore Twenty Five Lac Seventy Eight Thousand Three hundred Four Taka and Paisa Ninety Four only) to the Hon'able Finance Minister Mr. Abul Maal A. Muhith. Hon'able State Minister Mr. M.A. Mannan was present on the occasion. Additional Secretary, Financial Institutions Division, Mrs. Quamrun Naher Ahmed, Mr. Manik Chandra Dey, Mrs. Salma Nasreen (NDC), Joint Secretary Mr. Md. Humaun Kobir and senior officials of the ministry were present on the occasion. Among others, Deputy Managing Director Mr. Md. Mosaddake-Ul-Alam, General Managers, Secretary to the Board of Directors of ICB were also present on the occasion.

Different achievements of ICB were discussed on the occasion. Hon'able Finance Minister appreciated the pioneering role of ICB in the Capital Market especially to keep the Capital Market into a stable position. He thanked the Board of Directors and the Management of ICB and its Subsidiaries and employees' at all level for continuously paying notable dividend by ICB to the National Exchequer. He also thanked for introducing strategically change in ICB's activities keeping pace with the national economic policy. The Managing Director, on behalf of the Board of Directors of ICB thanked the Hon'able Finance Minister and concern officials of the Ministry for their all out co-operations. On the occasion, emphasis was made to accelerate the role of ICB for expediting rapid economic growth as one of the most successful organization of the Government for the Capital Market.

**(Md. Anwar Shamim)**
Deputy General Manager

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, ডি আই টি এভিনিউ ( লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স ঃ ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com

## পাবলিক রিলেশনস্ ডিপার্টমেন্ট

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখঃ ১০.০৪.২০১৮

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর শেয়ারমালিকগণের ৪১তম বার্ষিক সাধারণ সভায় ২০১৬-১৭ অর্থবছরের জন্য কর্পোরেশনের প্রতিটি ১০.০০ (দশ) টাকা অভিহিত মূল্যের শেয়ারের বিপরীতে ৩০.০০ শতাংশ নগদ এবং ৫ শতাংশ স্টক লভ্যাংশ প্রদান অনুমোদিত হয়েছে। সরকার কর্তৃক মোট ১৭,০৮,৫৯,৩৮০টি আইসিবি'র শেয়ার ধারণের বিপরীতে ৫১,২৫,৭৮,৩০৪.৯৪ (একান্ন কোটি পঁচিশ লক্ষ আটাত্তর হাজার তিনশত চার টাকা চুরানব্বই পয়সা) টাকা নগদ লভ্যাংশ এবং ৮৫,৪২,৯৬৮টি বোনাস শেয়ার প্রাপ্য হয়েছে।

০২। সরকারের প্রাপ্য নগদ লভ্যাংশ ৫১,২৫,৭৮,৩০৪.৯৪ (একান্ন কোটি পঁচিশ লক্ষ আটাত্তর হাজার তিনশত চার টাকা চুরানব্বই পয়সা) টাকার ডিভিডেন্ড ওয়ারেন্ট আইসিবি'র পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ডঃ মজিব উদ্দিন আহমদ এবং কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এর নিকট হস্তান্তর করেন। অর্থ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব মিজ্ কামরুন নাহার আহমেদ, জনাব মানিক চন্দ্র দে, মিজ্ সালমা নাসরিন (এনডিসি), যুগ্ম সচিব জনাব মোঃ হুমায়ুন কবির এবং মন্ত্রণালয়ের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও, কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মোসাদ্দেক-উল-আলম, মহাব্যবস্থাপকগণ ও বোর্ড সচিব উপস্থিত ছিলেন।

০৩। সভায় আইসিবি'র বিভিন্ন অর্জনের বিষয়ে আলোচনা করা হয়। অর্থমন্ত্রী পুঁজিবাজারে আইসিবি'র অগ্রণী ভূমিকার প্রশংসা করেন বিশেষতঃ পুঁজিবাজারের অস্থিতিশীলতা থেকে স্থিতিশীলতায় আনয়নে আইসিবি'র কার্যকর পদক্ষেপ সম্পর্কে তিনি বিশেষভাবে উল্লেখ করেন। আইসিবি কর্তৃক অব্যাহতভাবে লভ্যাংশসহ সরকারি কোষাগারে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ জমা দেয়ার জন্য তিনি আইসিবি'র পরিচালনা বোর্ড ও ব্যবস্থাপনাকে প্রশংসা করেন। গ্রাহক সেবা ও বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণের পাশাপাশি দেশের একটা অন্যতম লাভজনক প্রতিষ্ঠান হিসেবে আইসিবি অগ্রণী ভূমিকা পালন করায় এবং আইসিবি কর্তৃক অব্যাহতভাবে লভ্যাংশসহ সরকারি কোষাগারে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ জমা দেয়ার জন্য তিনি আইসিবি ও এর সাবসিডিয়ারিসমূহের বোর্ড ও ব্যবস্থাপনার প্রশংসা করেন এবং সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে সাধুবাদ জানান। আইসিবি পরিচালনা বোর্ডের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক আইসিবিকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং মন্ত্রণালয়ের সকলকে ধন্যবাদ জানান। সভায় পুঁজিবাজারে সরকারের অন্যতম সফল প্রতিষ্ঠান হিসেবে আইসিবি'র ভূমিকা আরও জোরদার করে দ্রুত অর্থনৈতিক বিকাশে ভূমিকা রাখার উপর গুরুত্বারোপ করা হয়।

**(মোঃ আনোয়ার শামীম)**
উপ-মহাব্যবস্থাপক